# সমাচার দর্পণ

১১১৫ সংখ্যা। বালম ১৮। ] ২৬ নবেম্বর ১৮৩৬ সাল। শনিবার ১২৪৩ সাল ১২ অগ্রহায়ণ। SATURDAY, NOVEMBER 26TH. 1836. [মূল্য মাসে ১ টাকা।

No. 1115. VOL. XVIII.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

## ইশতেহার।

কলিকাতায় স্থাবরবিষয় বিক্রয়।

সর্ব্বসাধারণের গোচরার্থ বিজ্ঞাপন করা যাইতেছে যে অধোলিখিত স্থাবরবিষয়ের অর্দ্ধাংশ খোসকোবালায় বিক্রীত হইবেক। তদ্বিশেষ শহর কলিকাতার শোভাবাজারে চিৎপুর রোডের পূর্ব্বধারে মৃত রাধাচরণ মুখোপাধ্যায়ের ইষ্টেট সম্পর্কীয় স্থাবরবিষয় তাহা দুই পাট্টায় বিভক্ত কমবেশ ১১।।৩ এগার বিঘা তের কাঠা তন্মধ্যে ২৲ দুই বিঘা জমী উক্ত মৃত ব্যক্তি আপন জীবদ্দশায় তাঁহার দুই সহোদরকে দান করেন অবশিষ্ট ৯।।৩ নয় বিঘা তের কাঠা জমির মধ্যে অত্যুত্তম এবং সুবিস্তার এক ইষ্টকনির্ম্মিত পাকা বসতবাটী আছে ঐ বাটীর মধ্যে কএক খণ্ড অর্থাৎ মহল আছে এবং ঐ বাটীর পূর্ব্ব দিগে রাইয়তী জায়গা আছে এবং পশ্চিমাংশে অর্থাৎ চিৎপুর রোডের পূর্ব্ব ধারে পরিসর রাইয়তী জায়গা ও বড়২ পাকা গুদাম প্রায় দশটা এবং দোতালা এক বৈঠকখানা ঘর তাহাতে কএকটা কুঠরী ও ঐ ঘরের পশ্চিম এবং দক্ষিণ দিগে বারান্দা আছে। ভদ্রাসনবাটীব্যতিরেকে ঐ রাইয়তী জায়গা এবং গুদামের মাসিক ভাড়া এইক্ষণে কমবেশ ২০০ দুই শত টাকা আছে তদ্ভিন্ন ভদ্রাসনবাটী ভাড়া দিলে প্রতিমাসে প্রায় ২০০ টাকা আয় হইতে পারে। পূর্ব্বোক্ত স্থাবরবিষয় শোভাবাজারস্থ রাজা গোপীমোহন দেব বাহাদুরের বাজারের লাগাও দক্ষিণ। উত্তরকাল কিঞ্চিৎ ব্যয় ও মনোযোগপূর্ব্বক ঐ জায়গায় বাজার অথবা চক করিলে বর্ত্তমান স্থিত মাসিক ভাড়ার দ্বিগুণ হওনের আটক নাই। অপর দোতালা ঘর বানাইয়া দিলে আরো অধিক ভাড়া উৎপন্ন হইতে পারে। উপরের স্থাবর বিষয়ের রকম ষোলআনার মধ্যে আট আনার অংশি শ্রীশ্রীনাথ মুখোপাধ্যায় আপন অংশ খোসকোবালায় বিক্রয় করিবেন অতএব যে২ মহাশয়দিগের ঐ বিষয় ক্রয় করিবার বাসনা থাকে তাঁহারা শহর কলিকাতার শোভাবাজারের বালাখানা স্ত্রিটে ৩৯ নম্বরের ভবনে ঐ শ্রীনাথ মুখোপাধ্যায়ের নিকট আপন২ লোক পাঠাইলে তাহার বিশেষ তথ্য জানিতে পারিবেন ইতি।

কলিকাতা ২২ নবেম্বর ১৮৩৬।

### SALE OF LANDED PROPERTY IN CALCUTTA.

The Public are hereby informed, that a moiety or half part of the undermentioned valuable immoveable property, belonging to the estate of Radhachurun Mookerjee deceased late of Sobhabazar, in the town of Calcutta, is to be sold by a voluntary deed of sale.

The property is situated at Sobhabazar in the town of Calcutta on the eastern direction of the Chitpore Road, and amounted to (11 bs. 13 cots.) eleven

## ইশতেহার।

bigas and thirteen cottahs of ground more or less. Out of which two bigas of ground were given by the deceased during his life time to two of his brothers. On the remaining (9 bs. 13 cots.) nine bigas and thirteen cottahs of ground, there is a large and fashionable brick built pucka Family Dwelling House, consisting of several apartments. On the east of the premises there are tenanted ground, and on the west of the same, i. e. on the eastern direction of the Chitpore Road, there is a spacious piece of tenanted ground, whereupon brick built pucka large godowns about ten in number are erected. There is also an upper-roomed Bytakhana consisting of several rooms with verandahs both on the South and West of the same, and very commodiously situated, lying on the immediate eastern direction of the said Chitpore Road.

Besides the aforesaid Dwelling House, the tenanted ground, with the godowns, &c. yields a monthly rent of about two hundred rupees. The Family Dwelling House if rented, can also bring an income of about two hundred rupees more every month. The above mentioned property being situated just on the South skirt of the Bazar of Raja Gopeemohun Deb Bahadoor, of Sobhabazar, the place is every way suited for establishing on it a Chouk or Bazar, and which can be effected if made with a little expense and attention, and the rent can thereby be increased to two folds than the same at present is. The erection of upper-roomed houses on the conspicuous parts of the premises may also add greatly to its income.

One half of the aforesaid undivided property is the share of Shreenath Mookerjee, who intends to sell the same, and any person therefore wishing to purchase it, may apply to the said Shreenath Mookerjee, at his house, No. 39, Balakhana Street in Calcutta.

*Calcutta, 22d Nov.* 1836.

### ভূমি বিক্রয়।

বিজ্ঞাপন করা যাইতেছে যে নীচে লিখিতব্য আগামি মাসের মধ্যে ইষ্টেটের সম্পত্তি পূর্ব্বে যদ্যপি খোস কবালায় বিক্রীত না হয় তবে আগামি মাসের মধ্যে আসৈনি সাহেবের আজ্ঞাক্রমে মোর হিকি কোম্পানি আপনারদের নীলাম ঘরে পবলিক নীলামে সর্ব্বাপেক্ষা অধিক মূল্য

## ইশতেহার

যে ডাকিবেক তাহার নিকটে তাহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ।

সেখ তাজুর ইষ্টেটের মধ্যে যে ভূমি সম্পত্তি অদ্যাপি বিক্রয় হয় নাই এবং অন্যেরদের স্থানে অদ্যপর্য্যন্ত যাহা পাওনা আছে তাহা বিক্রয় হইবে।

রাধাকান্ত দাসের ইষ্টেটের ঐ ঐ ঐ
বদন মণ্ডলের ইষ্টেটের ঐ ঐ ঐ
মদনমোহন মল্লিকের ইষ্টেটের ঐ ঐ ঐ
জে জে ফুলুরি সাহেবের ইষ্টেটের ঐ ঐ

ইহার বিশেষ বেওরা ইহার পরে দেওয়া যাইবেক।

### ভূমি বিক্রয়।

ধর্ম্মতলার রাস্তায় মৃত জান কুক সাহেবের বহুমূল্য ভূমি।

ইশতেহার দেওয়া যাইতেছে যে আগামি জানুআরি মাসের প্রথম কোন তারিখে (ঐ তারিখের এত্তেলা তাহার পূর্ব্বে দেওয়া যাইবে) মৃত জান কুক সাহেবের ইষ্টেটের একসেক্যুটরের আজ্ঞাক্রমে মোর হিকি কোম্পানি ৬০,০০০ কোম্পানির টাকাতে নীচে লিখিতব্য ভূমি নীলামে ধরিয়া যে ব্যক্তি অধিক ডাকিবে তাহার নিকটে বিক্রয় করিবেন।

বিশেষতঃ ধর্ম্মতলার রাস্তায় যে অতিপ্রসিদ্ধ ও বহুমূল্য ও বৃহৎ বাটী ও ভূমিতে বহুকালাবধি মৃত কুক সাহেবের লিবরি ষ্টবল অর্থাৎ অশ্বশালা ছিল তাহা এইক্ষণে কুক কোম্পানি মাসে সিক্কা ৫০০ টাকাতে ভাড়া করিয়া আছেন তাঁহারা ঐ কেরায়াতে আগামি ১ দিসেম্বর তারিখঅবধি সাড়ে তিন বৎসরের নিমিত্ত ভাড়া লইয়াছেন এবং এই বন্দোবস্ত আছে যে ঐ বাটীর মেরামতীকার্য্য তাঁহারা নিজ খরচে করিবেন।

ঐ ভূমি সর্ব্বসুদ্ধ ৪।।২ চারি বিঘা বার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক এবং তাহা সংপ্রতি বর্ণ কোম্পানির দ্বারা কোম্পানির ৫২৭৮৮৵৯ খরচে সম্পূর্ণরূপে মেরামৎ হইয়াছে।

অনেক বৎসরাবধি ধন অর্পণের নিমিত্ত সর্ব্বসাধারণ লোকের প্রতি যেমন সুযোগের প্রস্তাব হয় নাই তদ্রূপ সুযোগ এই ক্ষণে এই বাটী বিক্রয়েতে দর্শান যাইতেছে।

### বিজ্ঞাপন।

সম্বাদ দেওয়া যাইতেছে যে গত ১৬ নবেম্বর বুধবার কলিকাতা শহরে শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীস সাহেবেরদের দপ্তরখানাতে এক জেনরল ও কোয়ার্টর সেসন অর্থাৎ সাধারণ ও ত্রৈমাসিক মিসিলে এমত হুকুম হইল যে বাটীর

## ইশতেহার।

টাক্সের ফেরফারকরণের প্রস্তাব হইবে এমত বাটীর স্বামী বা দখলকারিদিগকে আসেসর সাহেবেরা এত্তেলা দিয়া হুকুম করিবেন যে বর্ত্তমান টাক্সের বিষয়ে যাঁহার কোন আপত্তি থাকে তিনি তাহা সেসনে বৈঠককারি শ্রীলশ্রীযুত বাদশাহের জুষ্টীস অফ দি পীসেরদের নিকটে দরখাস্ত জ্ঞাপন করিবেন এবং ঐ দরখাস্ত আগামি ৩০ নবেম্বর বুধবার বা তাহার পূর্ব্বে ক্লার্ক অফ দি পীসের নিকটে দাখিল করেন। উক্ত তারিখের পর কোন আপত্তি শুনা যাইবে না এবং ঐ সকল আপত্তি শুনিতে ও নিষ্পত্তি করিতে এবং অন্যান্য কর্ম্ম নির্ব্বাহকরণার্থ সেসন অর্থাৎ শেষোক্ত তারিখ বেলা ১১ ঘড়িপর্য্যন্ত মুলতবী থাকিল ঐ তারিখে পোলীস মিসিল হইবে এবং তৎপরে প্রতি শনিবার অথবা যেপর্য্যন্ত এতদ্রূপ আপীল ও অন্যান্য কার্য্য নির্ব্বাহ না হয় সেপর্য্যন্ত শনিবার ব্যতিরিক্ত অন্য বারেও মিসিল হইবে।

এবং সম্বাদ দেওয়া যাইতেছে যদি কোন ব্যক্তি ঘর খালিহওনসময়ে তাহার টাক্স রহিত বা তাহাহইতে মুক্ত হইতে ইচ্ছুক হন তবে ঘর খালাসহওনের পর ৭ দিবসের মধ্যে আসেসমেণ্ট অর্থাৎ টাক্সের কালেক্টরের নিকটে ইঙ্গরেজী অথবা পারস্য বা বাঙ্গলা ভাষায় এত্তেলা দিবেন। এবং ঐ এত্তেলা তিনি যে দিয়াছেন এমত রসীদ কালেক্টর সাহেব তাঁহাকে দিবেন।

এবং কালেক্টর দপ্তরখানায় পূর্ব্বোক্ত এত্তেলা দাখিলকরণের পূর্ব্ব দিবসের পূর্ব্বে বাটী খালি হইয়াছে এমত এত্তেলা দিলে তদ্দ্বারা পূর্ব্বকার টাক্সহইতে কোন ব্যক্তি মুক্ত হইতে পারিবে না কিন্তু এত্তেলা দেওনের দিবসের পূর্ব্ব কেবল ৭ দিন অবধি টাক্স রহিত হইতে পারে ইহার অধিককালে নহে।

এবং ঐ ঘরে পুনর্ব্বার বাস হইলে তাহার এত্তেলা তদ্রূপে কালেক্টর সাহেবকে দিলে তিনি তাহার রসীদ এবং ঘর শূন্যহওন এবং তাহাতে পুনর্ব্বার বাস করণের এত্তেলা যদ্যপি পূর্ব্ববৎ না দেওয়া যায় এবং যদ্যপি পূর্ব্ববৎ এত্তেলা পাইয়াছেন এমত রসীদ কালেক্টর সাহেব না দেন তবে ঘর শূন্য হইয়াছিল বলিয়া তাহার টাক্স রহিতের দাওয়া গ্রাহ্য হইবে না এবং এইসকল সেসনেতে যে টাক্স নির্দ্ধার্য্য করা গেল যে আগামি ১ তারিখে জারী হইবে কিন্তু ঐ তারিখের পূর্ব্বে জারী হইবে না ইতি।

জেম্স ইয়ং
ক্লর্ক অফ দি পীস।

ক্লার্ক অফ দি পীস আপীস
১৮ নবেম্বর।

বিষয়ের ন্যূনতা হইলে শতকরা ৫০ টাকারসুম ন্যূন হইবে।

## চিনির নূতন আইন।

সংপ্রতি চিনির মাসুলবিষয়ক নূতন আইনের পাণ্ডুলেখ্য কলিকাতা গেজেটে প্রকাশ হইয়াছে। তাহার অভিপ্রায় এই পার্লিমেণ্টের নূতন আইন এতদ্দেশে জারী হয়। পার্লিমেণ্টের ঐ ব্যবস্থাতে হুকুম আছে এতদ্দেশোৎপন্ন চিনি এই বৎসরের ১ দিসেম্বর তারিখের পর কলিকাতা হইতে রপ্তু হইয়া ইঙ্গলণ্ডে পঁহুছিলে দেড় শত মোনপ্রতি কেবল ২৪ সিলিং অর্থাৎ ১২ টাকা করিয়া মাসুল লাগিবে। কিন্তু চিনির মাসুল এতদ্রূপে ন্যূন করণার্থ এই হুকুম হইয়াছে যে প্রত্যেক জিলার কালেক্টর সাহেব বা তাঁহার কোন কর্ম্মকারকের এমত সর্টিফিকট ঐ চিনির সঙ্গে থাকিবে যে এই চিনি এই জিলাতেই জন্মিয়াছে। আরো লিখিত আছে এই নূতন আইন এতদ্দেশে জারী হইলে পর কোন বিদেশজাত চিনি এতদ্দেশে আমদানী করিতে দেওয়া যাইবে না।

পার্লিমেণ্টের ব্যবস্থা জারীকরণার্থ যে এই নূতন আইন হইয়াছে তাহার পাণ্ডুলেখ্য ২৬ নবেম্বর তারখের পর পুনর্ব্বিবেচিত হইবে। এই নূতন আইন আগামি ১ দিসেম্বর তারিখঅবধি চলিত হইবে।

---

## ফ্রান্সীয়েরদের সহিত স্থান বিনিময়।

পাঠক মহাশয়েরা অবগত থাকিবেন যে কিয়ৎকাল হইল ফ্রান্সীয় গবর্ণমেণ্ট ফুদচেরির চতুঃপার্শ্বস্থ কিঞ্চিৎ ভূমি পাইয়া তৎপরিবর্ত্তে ইঙ্গরেজেরদের সহিত চন্দননগর ও সমুদ্রতটস্থ ক্ষুদ্র২ তিন স্থানের বিনিময়করণার্থ প্রস্তাব করিয়াছিলেন। এইক্ষণে মান্দ্রাজের সম্বাদপত্রদ্বারা অবগম হইল যে ফ্রান্সীয় গবর্ণমেণ্ট সমুদ্রের তটস্থ যে ভূমি ইঙ্গরেজেরদের স্থানে চাহেন তাহার আয়তন অনেক ক্রোশব্যাপিয়া এবং তাহা দেশের মধ্যে কৃষ্ণাগিরির দুর্গম দুর্গপর্য্যন্ত প্রায় ৫০ ক্রোশ বিস্তার তাহা দক্ষিণ আরকট ও চিঙ্গলপট এই দুই জিলার কিঞ্চিৎ অংশভুক্ত ঐ স্থানে সহস্রেরও অধিক গ্রাম আছে ঐ সকল গ্রামে বার্ষিক ১০ লক্ষ টাকার অতিরিক্ত রাজস্ব উৎপন্ন হয় অতএব অপেক্ষাকৃত অগণ্য চন্দননগর এবং তত্তুল্য আর কএক ক্ষুদ্র২ স্থানের পরিবর্ত্তে মান্দ্রাজের সন্নিহিত এমত বৃহৎ অথচ বহুমূল্য ভূমি বিনিময় করিয়া ইঙ্গলণ্ডীয় গবর্ণমেণ্ট অবোধের ন্যায় কর্ম্ম করিবেন না।

---

## চা।

শ্রীযুত গর্ডন সাহেব যে চীনীয় চার কৃষাণেরদিগকে চীন দেশহইতে এতদ্দেশে আনাইয়াছিলেন তাহারদের দ্বারা আসাম দেশান্তঃপাতি সদীয় স্থানে কৃষি করিয়া এতদ্দেশীয় বীজজাত সবুজ বর্ণ কতক চা কলিকাতায় প্রেরিত হইয়াছে। এবং শুনা গিয়াছে শ্রীলশ্রীযুত লার্ড অকলণ্ড সাহেব তাহা উত্তম কহিয়াছেন। এই চা অকালে আহৃত পত্রেতে প্রস্তুত হইয়াছিল এবং কালবর্ণ চা যদ্রূপে প্রস্তুত করা যায় তদ্রূপে ইহাও প্রস্তুত হয় সরঞ্জামও অতি মন্দ ছিল। পত্রসকল পরিপক্ক না হইতেই প্রস্তুত করা গিয়াছিল অতএব বোধ হয় উত্তমরূপে যখন ইহা প্রস্তুত করা যাইবে তখন চীন দেশে যেমন উৎকৃষ্ট চা পাওয়া যায় তেমন এখানেও উত্তম পাওয়া যাইবে।

reductions have been fully carried into effect, the saving will be 50 per cent.

---

### *New Sugar Act.*

The draft of a new Sugar Act has just been published in the Calcutta Gazette; the object of it is, to put the new Act of Parliament in force in this country. That Act provides that Sugar, the growth of this Presidency, exported from Calcutta after the 1st of December this year, shall on its arrival in England pay a duty of only 24 shillings a cwt.; but in order to entitle the Sugar to this indulgence, it is necessary that there should accompany it a certificate from the Collector of the district, or any other person appointed to act on his behalf, that this sugar was bonâ fide the produce of the district. It also provides, that after the new Act shall be in force in this country, no foreign sugar shall be allowed to be imported from any place.

This new Act is intended to give currency to this law. The draft is to be reconsidered after the 26th November, and the new Act is to come into effect on the 1st of December next.

---

### *Exchange of Territory with the French.*

Our readers may remember, that some time ago we mentioned, that a proposal had been made by the French Government, to give up Chandernagore and three small places on the Coast to the English, in exchange for some territory round Pondicherry. We now learn from one of the Madras papers, that the territory which the French Government wish the English to give up extends along the sea coast for many miles; and that it stretches inland nearly a hundred miles to the strong fort of Kishnagery; that it comprizes part of two zillahs, that of South Arcot, and Chingleput, and embraces more than a thousand villages which yield an annual revenue of more than ten lakhs of Rupees. Certainly the English Government will not be so foolish as to give up so large and rich a territory in the neighbourhood of Madras, in exchange for the inconsiderable town of Chandernagore, and several others equally small.

---

### *Tea.*

A small quantity of tea, (of the green species from indigenous seed) prepared at Sudiya in Assam, by the Chinese tea planters brought round by Mr. Gordon, has arrived at Calcutta, and we are happy to say, has been pronounced of good quality by Lord Auckland himself. As this tea was prepared from leaves gathered out of season—dressed according to the process used for *black* tea, and with a very imperfect apparatus—and as it was tried before it had time to mellow, there is every reason to expect that when prepared under more favourable circumstances, the indigenous tea of Assam will prove a really valuable product.—*Cal. Cour.*

## কোম্পানির দাদন।

কুরিয়র সম্বাদপত্রের দ্বারা অবগত হওয়া গেল ইঙ্গলণ্ড দেশে কোম্পানি বাহাদুরের নিকটে দ্রব্য প্রেরণার্থ কোম্পানি যে দাদন দিতেছিলেন তাহা এইক্ষণে বন্দ হইল। যে ৫০ লক্ষ টাকার দাদন দিতে কোং ইশ্‌তেহার দিয়াছিলেন তাহার বন্দোবস্ত হইয়াছে। সকলের এমত অপেক্ষা ছিল যে বর্ত্তমান বৎসরে বাণিজ্যার্থ উক্ত সংখ্যক টাকা অপেক্ষাও অধিকের প্রয়োজন হইবে এবং এই বৎসরের নীল বাজারে আমদানী হইবামাত্র ঐ সমুদায় ৫০ লক্ষ টাকারই বিলি হইবে। ফলতঃ এইক্ষণে দেখা গেল যে ঐ দাদন অতিশীঘ্র প্রাপণার্থ নীলকর সাহেবেরদের অত্যন্ত ব্যগ্রতা হইয়াছিল।

---

## মণিমুক্তা প্রবাল বিক্রয়।

সংপ্রতি তাবৎ সম্বাদ পত্রে এমত ইশ্‌তেহার দেওয়া গিয়াছে যে আগামি বৎসরের জুলাই মাসের তৃতীয় বৃহস্পতিবারে লণ্ডননগরে বহুমূল্য রত্ন বিক্রয় হইবে। ঐ রত্নের মধ্যে অতিপ্রসিদ্ধ নাশকনামক হীরক আছে ঐ হীরক ১৭ বৎসর পূর্ব্বে পেসয়ার সঙ্গে যুদ্ধ সমকালে শ্রীযুত ব্রিগ্‌স সাহেব লুঠিত ধনের মধ্যে প্রাপ্ত হন। এই মহারত্নের ওজন ৩৫৭৷৷০ গ্রেন আছে এবং পৃথিবীর মধ্যে তাহা পঞ্চম হীরকের মধ্যে গণ্য। দক্ষিণ দেশের লুঠিত ধনের মধ্যে এই রত্ন বিক্রয় হইবে। এবং নীলাম হইলে তৎক্ষণাৎ ক্রেতা ব্যক্তির তন্মূল্যের শত করা ১৫ টাকা আমানৎ করিতে হইবে এবং নীলামের দিবসের পর দুই মাসের মধ্যে বিক্রয় হইয়া মূল্যের অবশিষ্ট টাকা দিতে হইবে।

---

## গুমশূরের যুদ্ধ।

গুমশূরের যুদ্ধের তাবৎ নিয়ম গত বৃহস্পতিবারীয় হরকরা সম্বাদপত্রে প্রকাশিত হইয়াছে। শ্রীযুত কমিস্যনর সাহেব যুদ্ধার্থ বাহির হইয়াছেন এবং সেনাপতি সাহেবেরাও অগ্রসর হইয়াছেন প্রধান সৈন্যাধ্যক্ষ সাহেব রণস্থলে উপস্থিত। আসিষ্টাণ্ট কালেকটর শ্রীযুত কাপ্তান কাম্বল সাহেব এবং ভূমির জরীপ সম্পর্কীয় শ্রীযুত লেপ্তেনন্ত কাম্বলনামক সাহেব সুরাদা জমিদারী দিয়া চিন্না কৈনদী স্থানে গমনপূর্ব্বক খোন্দ জাতীয়েরদের উপর পার্শ্ব ও পশ্চাদ্ভাগে আক্রমণ করিবেন। তাঁহারদের সঙ্গে দুই দল সৈন্য গমন করিবে। অপর সৈন্যেরা দুই দলে বিভক্ত হইয়াছে। যুদ্ধকরণীয় দল শ্রীযুত টেলর সাহেবের অধীনে থাকিবে। তাঁহারদের মধ্যে ৪৯ ও ৬ রেজিমেণ্ট ও ২১ রেজিমেণ্টের এক দল থাকিবে তাঁহারা পর্ব্বতীয় পথে উঠিয়া যুদ্ধ করিবেন। দ্বিতীয় দলে ৪৩। ১৭ ও ১৪ রেজিমেণ্টের এক২ দল নিযুক্ত হইয়া পর্ব্বতের নীচে থাকিবে অষ্টম রেজিমেণ্ট পশ্চাদ্বর্ত্তী হইয়া যে স্থলে আবশ্যক হইবে সেই স্থলে গিয়া যুদ্ধ করিবে। ৫০ রেজিমেণ্টের এত সৈন্য জ্বরগ্রস্ত আছে বোধ হয় তাহারদের মিয়াদ সম্পূর্ণ হইলেই অতিশীঘ্র উঠিয়া ছাউনিতে যাইবে। এক পল্টন গুমশূরের নওগ্রামে অবস্থিতি করিবে এবং সরঞ্জামের আড্ডা দুর্গাপ্রসাদ পর্ব্বতীয় পথের ধারে করিঙ্গি স্থানে করা যাইবে। বঙ্গ দেশহইতে যে সৈন্যেরা কটকে গিয়াছে তাহারা কমিস্যনর সাহেবের বিশেষ হুকুম না পাইলে দক্ষিণাঞ্চলে যাইবে না।

শুনা গেল বাণপুরীর জমিদারী এইক্ষণে সুস্থির আছে এবং রাজবিদ্রোহিরদের কএক সরদার ধরা পড়িয়াছে।

### *Company's Advances.*

We learn from the Courier, that the Government advances in Calcutta upon consignments of goods to the Company in England, have been closed for the present. The whole amount which the Company offered for advances, viz. 50 lakhs of Rupees, has been already engaged. It was expected, that the demands of commerce this season would greatly exceed that limit, and consequently that the whole of the 50 lakhs of Rupees would be absorbed very soon after the indigo crop began to come into the market. There appears to have been great eagerness on the part of the indigo planters, to take advantage at the earliest period of these advances.

---

### *Splendid Diamond.*

An advertisement has just appeared in all the newspapers, that on the 3d Thursday of July, 1837, various articles of the most valuable Jewellery will be sold in London. Among these we perceive the celebrated *nassuck* diamond, which was captured by Col. Briggs in the campaign against the Peshwa about 17 years ago. This magnificent jewel weighs 357¼ grains, and it is the fifth diamond in the world. It is to be sold as part of the Deccan booty, and the purchaser will be required to pay down a deposit of 15 per cent. and the remainder on the delivery of the goods which must be within two months after the day of sale.

---

### *Goomsoor.*

The arrangements for the Goomsoor campaign were published in the Hurkaru of Thursday last. The Commissioner is out; the staff progressing, and the General in the field; Captain Campbell, the Assistant Collector, with an officer of the Survey, Lieut. Campbell, proceed through the Sorada Zemindaree and by Chinna Kimedy to take the Khonds in flank and rear. They are escorted by two Companies. Then there are two divisions. The fighting division led by General Taylor in person, consists of the 49th and 6th Regiments, and a wing of the 21st, and advances direct up the Ghauts. Below the Ghauts will be the 2d Division, consisting of the 43d and 17th Regiments and a wing of the 14th. The 8th Regiment is to remain as a sort of reserve for service wherever wanted. The 50th is so much reduced by fever, that it is supposed it will be relieved, so soon as arrangements can conveniently be made for that purpose. One corps is to remain stationery in Goomsoor at Nowgaum; and the depôt of stores is to be established at Kuringhee on the brink of the Doorgapersad Pass. The Bengal troops are not to move south except on the special requisition of the Commissioner.

We learn that the Baunpore Zemindaree now looks quiet, and that several of the ringleaders have been brought in.

খোন্দের সরদার বঙ্গু মলিচুনামক অতি বৃদ্ধ ব্যক্তি গত বৎসরে রাজবিদ্রোহ ব্যাপার করিয়াছিল এইক্ষণে সে জেহেলেই মরিয়াছে। অতএব তাহার ফাঁসিহওনের যে কল্প হইয়াছিল তাহা বিফল হইয়াছে। —হরকরা।

### রণজিৎ সিংহ।

নেপাল ও পঞ্জাবের সহিত রাজকীয় ব্যাপারবিষয়ে বিঘ্ন আছে এমত জনরব অদ্যাপি নিবৃত্ত হয় নাই। শতদ্রূ নদীর বামপার্শ্ব শ্রীযুত মহারাজ রণজিৎ সিংহ যে আক্রমণ করিয়াছেন তদ্বিষয়ে গবর্ণমেণ্টের বিশেষ মনোযোগ করিতে হইয়াছে এবং কথিত আছে যে সেই স্থানহইতে তাঁহাকে নিরাকরণার্থ ব্রিটিস সৈন্যেরদের আবশ্যক হইবে। আরো কথিত আছে শতদ্রূ ও যমুনার মধ্যস্থ শিক সরদারেরদের উপর স্বীয় ক্ষমতা বর্দ্ধনার্থ ১৮০৯ সালে পঞ্জাবের অধ্যক্ষ যদ্রূপ চেষ্টা পাইয়াছিলেন এইক্ষণেও পুনর্ব্বার তদ্রূপ সচেষ্ট আছেন।

### সাগরে লৌহময় রাস্তা।

ইঙ্গলিসমেনপত্রদ্বারা অবগম হইল যে সাগরের লৌহময় রাস্তার বিষয়ে তত্ত্বাবধারণার্থ ইঙ্গলণ্ডহইতে প্রেরিত সর্ব্বাপেক্ষা কর্ম্মদক্ষ ইঞ্জিনিয়র সাহেব জ্ঞাপন করিয়াছেন যে ঐ লৌহময় রাস্তা বন্দর ও গুদি নির্ম্মিত হইতে পারিবে না। প্রথমে বিষয় এই যখন ব্যক্ত হইয়াছিল তদবধি তাবৎ সুবুদ্ধি লোকেরাও এইরূপ বিবেচনা করিয়াছিলেন।

### মান্দ্রাজে সুবৃষ্টি।

মান্দ্রাজহইতে শেষাগত সম্বাদ অতি শুভাবহ যেহেতুক তাহাতে লেখে ঐ অঞ্চলে বিলক্ষণ বৃষ্টি হইয়াছে অতএব ফসল সফলহওনের সম্ভাবনা। বঙ্গলূর ও চিতলদ্রুগ্ ও কুরুগ্ অঞ্চলে ভারি বৃষ্টি হইয়াছে। উত্তর অঞ্চলেও এমত এক২ পসলা জল হইয়াছে তাহাতে শস্যাদি বাঁচিতে পারে। ফলতঃ ঐ অঞ্চলে ভাবি বিষয়ে অতিশুভ বোধ হইতেছে।

### বাষ্পীয় জাহাজ।

লণ্ডননগরহইতে আগত জুন মাসে লিখিত এক পত্র বোম্বাই কুরিয়র পত্রে প্রকাশিত হয় তাহাতে লেখেন যে মাড্সি ইঞ্জিনিয়র সাহেব ভারতবর্ষে গমনাগমনীয় নৌকার নিমিত্ত বাষ্পীয় কল প্রস্তুতকরণার্থ যে সময়পর্য্যন্ত মিয়াদ লইয়াছিলেন তাহার ত্রুটি হইয়াছে অর্থাৎ এই করার ছিল যে ১ জুলাই তারিখে ঐ কল সম্পূর্ণরূপেই প্রস্তুত করিয়া দিবেন নতুবা ৫০ হাজার টাকা জরীমানা দিবেন কিন্তু তাহা ১৫ আগস্ত তারিখের পূর্ব্বে কোন প্রকারে নির্ব্বাহহইতে পারে নাই অতএব ঐ জাহাজ এই বৎসরে এতদ্দেশে আসিবে কি না সন্দেহ হইতেছে তথাপি ভরসা আছে যে সেপ্তেম্বর মাসে তথাহইতে প্রস্থিত হইয়া জানুআরি মাসে সুফ সমুদ্রে এক খেপ করিতে পারিবে।

### মান্দ্রাজ।

কনসরবেটিব সম্বাদপত্রদ্বারা অবগত হওয়া গেল যে সংপ্রতিকার ঝড়্কাতে রোমান কাতোলিকেরদের গ্রিজাঘরের যে২ অংশ ভগ্ন হইয়াছে তাহা মেরামৎকরণার্থ মান্দ্রাজস্থ গবর্ণমেণ্ট ৫০০০ টাকা প্রদান করিয়াছেন।

### চীন দেশ।

চীনদেশহইতে প্রথম অক্তোবর তারিখ পর্য্যন্তের যে শেষ সম্বাদ আগত হয় সে অতিগুরুতর। পিকিনের হজুরহইতে যে প্রশ্ন করা যায় তাহার উত্তরের মধ্যে চীন দেশে শ্রীলশ্রীযুত বাদশাহের প্রতিনিধি আফীণের বাণিজ্য মুক্তকরণার্থ দৃঢ়তর অনুরোধ করিয়াছেন। এবং বাণিজ্য সমাজেরও এমত অপেক্ষা আছে আগামি ১ জানুআরি তারিখঅবধি কাণ্টননগরে আফীণের আমদানী প্রকাশরূপে হইতে পারিবে এবং তাহাতে যে২ নিয়ম স্থাপনার্থ প্রস্তাবিত হইয়াছে সে এই যত আফীণ আমদানী হইবে তাহার মূল্য নগদ না দিয়া চীনদেশোৎপন্ন জিনিসে দেওয়া যাইবে এবং উত্তম রৌপ্য দিয়া ঐ অসভ্য অর্থাৎ বিদেশীয় সওদাগরেরদের সহিত গুপ্তরূপে কোন বাণিজ্য করা যাইবে না। ইহার পূর্ব্বে চীন দেশহইতে যেমত রৌপ্য বাহির হইত তদ্রূপ রীতি আর থাকিবে না। আরো লেখেন যে গবর্ণমেণ্টের চৌকির নৌকা ও পরিমিট পঞ্চত্বরার কর্ম্মকারকেরদের আপন২ এলাকার মধ্যে অতিকঠিনরূপে চৌকি দিতে হইবে এবং সতর্ক থাকনার্থ তাঁহারদিগকে এমত লোভ দর্শান যাইবে যত রূপা তাঁহারা গ্রেফ্তার করিতে পারিবেন তাহা তাঁহারাই পাইবেন। ভিন্ন দেশহইতে যে সকল টাকা চীন দেশে আইসে তদ্বিষয়ে পূর্ব্বকার আইনই চলিবে অর্থাৎ কেবল তাহার দশ ভাগের তিন ভাগ পুনর্বাহির করিতে অনুমতি দেওয়া যাইবে। পূর্ব্বকার আইনঅনুসারে আফীণের মাসুল নির্দ্ধার্য্য হইবে। মাসুলচুরিবারণার্থ সামান্যতঃ পরিমিতরূপে মাসুল নির্দ্দিষ্ট করিতে হইবে। এবং দেশের মধ্যে পোস্তের চাসকরণ নিষেধক আইনের নিয়মেরও শৈথিল্য করা যাইবে অর্থাৎ পর্ব্বতোপরি ও যে২ ক্ষেত্রে শস্যাদি উৎপন্ন না হয় এমত ক্ষেত্রের ইতস্ততঃ পোস্তের চাসকরণার্থ কৃষাণেরদিগকে অনুমতি দেওয়া যাইবে ধান্য ক্ষেত্রে তাহার চাস করিতে নিষেধ করা যাইবে এবং অতিকঠিন আইন করিয়া এই নিষেধ করা যাইবে যে সিবিল ও মিলেটরি কর্ম্মকারক ও ছাত্রগণ ও সিপাহীরা কোন মতেই আফীণ ব্যবহার করিতে পারিবেন না।

### কাপ্তান কাম্বল।

মান্দ্রাজের গবর্ণমেণ্টের যে এক কার্য্য সংপ্রতি ঐ রাজধানীর সম্বাদপত্রে প্রকাশ হইয়াছে তদ্বিষয়ে পূর্ব্বে আমারদের কিঞ্চিৎ লিখন আবশ্যক ছিল তাহাতে শ্রীযুত সর ফ্রেদৃক আদম সাহেবের অতি প্রশংসা আছে অর্থাৎ মান্দ্রাজের ৪১ রেজিমেণ্টের শ্রীযুত কাপ্তান কাম্বল সাহেব গাঞ্জামের মাজিস্ত্রেট ও কালেক্টর সাহেবের আসিষ্টাণ্টী কর্ম্মে নিযুক্ত হইয়াছেন এবং প্রধান আসিষ্টাণ্টী পদে কালেক্টর সাহেবের বেতন পাইবেন। এই হুকুম রেবিনিউ ডিপার্টমেণ্টহইতে দেওয়া গিয়াছে ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরও তাহা মঞ্জুর করিয়াছেন এবং যে জিলায় আইন চলিত আছে সেই জিলার মধ্যে এই প্রথম সেনাপতি সাহেব রাজস্ব আদায়করণ কার্য্যে নিযুক্ত হইয়াছেন।

### কার্পাসের কৃষি।

বোম্বাইর শ্রীলশ্রীযুত গবর্নর্ বাহাদুর হজুর কৌন্সেলে পুণ্যনগর জিলা ও সোলাপুরের ডেপুটি কালেক্টরের এলাকার মধ্যে ও আহম্মদনগর জিলার মধ্যে কার্পাসের কৃষির বাহুল্যকরণেচ্ছু হইয়া এমত হুকুম দিয়াছেন যত ভূমিতে জলসেচন হউক বা না হউক বর্ত্তমান বৎসরে এবং তৎপরে পাঁচ বৎসরপর্য্যন্ত অর্থাৎ ফসলী ১২৫১ সালপর্য্যন্ত তাহার রাজস্ব লওয়া যাইবে না।

Old Bungo Mullichoo, the leader of the Khonds who rose last year, had died in gaol, and has thus robbed the gallows of one of its expected judicial victims. —*Hurk. 24th Nov.*

### *Runjeet Sing.*

Rumours are still afloat respecting political difficulties with Nepaul and the Punjab. Runjeet Sing's encroachments on the left bank of the Sutlege have attracted attention, and it is said that a British force will probably be required to dislodge him. It is said that the Ruler of the Punjab is repeating the experiment which he made in 1809 to extend his authority over the Seikh chiefs inhabiting the countries between the Sutlege and the Jumna.

### *Saugor Rail Road.*

We learn from the *Englishman*, that the Saugor Rail Road, with its harbour and its docks, is declared by the most competent authority, to be a bubble; so every man of common sense was of opinion from the time the project was first mooted.

### *Rain at Madras.*

The last accounts from Madras are more favourable as it regards the fall of rain, and the probable preservation of the crops. In the Bangalore, Chittledroog and Coorg districts, there has been an abundance of rain. In the northern districts also, there have been some very reviving showers; and the prospects are consequently more favourable.

### *Steam Packets.*

The Bombay Courier states on the authority of a letter from London, dated late in June, that Maudsley, the Engineer, had failed in his contract for the Steam Engines for the India boats. They were to have been ready by the 1st of July under a penalty of £5,000, but they cannot possibly be got ready before the 15th of August, and there are doubts whether the vessels will start this year. Still however there is a hope, that they may be able to leave England in all September and to take a trip to the Red Sea in the month of January.

### *Madras.*

We learn from the *Conservative*, that the Government of Madras have granted 5,000 Rupees to repair the damages done to the Capuchin Church during the late gale.

### *China.*

The latest accounts from China, extending to the 1st of October, are of a very important nature. The Viceroy, in answer to the query from Pekin, has strongly recommended the opening of the trade in Opium, and the mercantile community expect that the drug may be brought openly to Canton by the 1st of January next. The Regulations which it has been proposed to adopt are, that the whole amount of the Opium imported, shall be paid for in merchandize, that no clandestine trade shall be carried on with the barbarian merchants, that the fine silver may not continue as heretofore to ooze out of the country; That the Government cruizers and all the Custom-House officers should be required to maintain a strict watch on their stations; and to stimulate their vigilance, all the silver which they may be able to seize shall be their own property; That foreign money must be managed according to the old Regulations, and only three-tenths of it be allowed to be re-exported; That the amount of duties must be fixed according to the old regulation, and that the duties shall be in general moderate in order to prevent smuggling; That the Regulation forbidding people to cultivate the poppy, shall also be relaxed; that the people be permitted to plant the poppy on the hill tops, and nooks and corners of fields, which are unfit for other products, and be forbidden to introduce it into their rice fields; and that severe interdicts be issued utterly forbidding the Civil and Military officers, scholars, and soldiers to use the drug.

### *Capt. Campbell.*

We ought to have earlier noticed an act of the Madras Government, notified in a recent Gazette, which reflects credit on Sir Frederick Adam. We mean the appointment of Captain J. Campbell of the 41st Regiment Madras N. I. to be an Assistant to the Collector and Magistrate of Ganjam, with the allowances of a Head Assistant Collector. This order is passed in the Revenue Department and is sanctioned by the Government of India, and is the first instance we remember of a military man being nominated a Revenue officer in a regulation province.—*Hurk.*

### *Cotton Cultivation.*

The Right Honourable the Governor of Bombay in Council having in view the extension of Cotton cultivation in the Zillahs of Poonah (including the subcollectorate of Sholapoor) and of Ahmednuggur has been pleased to direct that all lands whether irrigated or unirrigated, on which Cotton is cultivated, shall be entirely free from the land tax, and that no assessment whatever shall be levied thereon during the present season, or for five years subsequent, that is to say, till the end of 1251 Fuslee, corresponding with April 30, 1842.

তে ১৮৩৫ সালের বার্ষিক রিপোর্টের গবর্ণমেণ্টের অভিপ্রায় লিখিত আছে।

জে এফ এম রিড রেজিষ্টর।

ফোর্ট উলিয়ম ১২ আগস্ত ১৮৩৬।

সদর দেওয়ানী আদালতের বৈঠকে উপস্থিত জজ।

শ্রীযুত রাটরি সাহেব।
শ্রীযুত বারওএল সাহেব।
শ্রীযুত রাবর্টসন সাহেব।
শ্রীযুত ব্রাডন সাহেব।
শ্রীযুত স্মিথ সাহেব।

---

১৮৩৬ সালের ২৬ জুলাই তারিখে বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের জুদিসিয়াল ডিপার্টমেণ্টের শ্রীযুত সেক্রেটরী সাহেবের পত্রের চুম্বক।

৩১ ধারা। নানা সম্প্রদায়ের কর্ম্মকারকেরদের মধ্যে যাঁহারা প্রশংসার যোগ্যপাত্র হইয়াছেন তাঁহারদের নাম এইক্ষণে শ্রীলশ্রীযুত জ্ঞাপন করিতেছেন। নীচে লিখিত প্রশংসা যোগ্য কর্ম্মকারকেরদের সংখ্যা দৃষ্টে শ্রীল শ্রীযুত অতিসন্তুষ্ট হইয়াছেন এবং উক্ত কর্ম্মকারকেরদিগকে তাঁহার সন্তোষ জ্ঞাপন করিতে সদর দেওয়ানী আদালতকে হুকুম করিতেছেন। পদ প্রদানের যে নূতন নিয়ম হইয়াছে তদনুক্রমে যাঁহারা সদর আমীনী কর্ম্মেতে সুখ্যাত হইবেন তাঁহারদের গুণ যেপর্য্যন্ত নির্দ্দিষ্ট করা যাইতে পারে তদনুসারে তাঁহারা তদপেক্ষা উচ্চ পদ প্রাপ্ত হইবেন।

জজ।

শ্রীযুত কর্টিস সাহেব ও শ্রীযুত মাকান সাহেব ............ বর্দ্ধমান।
শ্রীযুত হারিণ্টন সাহেব ...... হুগলি।
শ্রীযুত জে সা সাহেব ........ ত্রিপুরা।
শ্রীযুত এচ নিসবেট সাহেব পুরণিয়া।
শ্রীযুত বারলো সাহেব ...... রাজশাহি।
শ্রীযুত ফিলিপস সাহেব ...... যশোহর।
শ্রীযুত মোরিস সাহেব ...... পাটনা।

প্রধান সদর আমিন।

মৌলবি মহম্মদ মা ............ বর্দ্ধমান।
সৈয়দ আহাম্মদ ............... হুগলি।
হরিনারায়ণ ঘোষ ও মৌলবি গোলাম সুবান খাঁ এইক্ষণে কাজিয়াল কুজ্জাত ... ...... যশোহর।
মৌলবি মহম্মদ ইদরিস ...... শ্রীহট্ট।
মৌলবি মহম্মদ আলী ...... ত্রিপুরা।
মৌলবি মহম্মদ তাজ ... ...... বীরভূম।
মৌলবী মহম্মদ মজিদ ...... ভাগলপুর।
মৌলবি মহম্মদ আসফ ... .. দিনাজপুর।
শ্রীযুত জে মেয়ার সাহেব ... মুরশিদাবাদ।
মৌলবি রকোনুদ্দীন ......... পুরণিয়া।
মৌলবি আবদুল আলী ...... রাজশাহি।
পরশুনাথ রায় ............... বাখরগঞ্জ।
এইক্ষণে বর্দ্ধমানে নিযুক্ত হইয়াছেন।
শ্রীযুত রিকেটস সাহেব ...... বেহার।

সদর আমীন।

গাজী রসুলবক্স ............... বর্দ্ধমান।
শ্রীযুত হার্কলট্স সাহেব ও রাধাগোবিন্দ বাবু ............ হুগলি।
শ্রীযুত বৈদ্যনাথ সেন ... ... যশোহর।
শ্রীযুত সীতানাথ বসু ........ নবদ্বীপ।
শ্রীযুত শম্ভুনাথ রায় ...... ... মৈমনসিংহ।
শ্রীযুত জাকসন সাহেব ... ... দিনাজপুর।

মুনসেফ।

শ্যামাচন্দ্র মাধবগঞ্জ মৈমন সিংহ।

মন্তব্য। এই মুনসেফের বিষয়ে লিখিত আছে যে সদর দেওয়ানী আদালত যথাসাধ্য শীঘ্র তাঁহাকে সদর আমীনী কর্ম্মে নিযুক্ত করিতে গবর্ণমেণ্টকে পরামর্শ দিবেন এবং শ্রীযুত চীফ সাহেবকে হুকুম দিবেন যে আদালতের কর্ম্মকারকস্বরূপে গবর্ণমেণ্ট তাঁহাকে কিপর্য্যন্ত ইষ্ট জ্ঞান করিয়াছেন তাহাও ঐ মুনসেফকে জ্ঞাপন করেন।

১৮৩৫ সালের বার্ষিক রিপোর্টে তিন শত মুনসেফেরদের মধ্যে কেবল এই এক জন মুনসেফকে গবর্ণমেণ্টের প্রশংসাযোগ্য বোধ হইল। ভরসা হয় যে ১৮৩৬ সালের রিপোর্টে মুনসেফেরদের কার্য্যবিষয়ে ইহাঅপেক্ষা উত্তম রিপোর্ট দেওয়া যাইতে পারিবে।

C. R. Barwell, T.C. Robertson, W. Braddon, Judges, and D. C. Smyth, Judge.

panying extract paragraph 31, from a letter from the Secretary to Government of Bengal under date the 26th July, containing the remarks of Government on the annual Report for 1835.

I am, Sir,
Your obdt. humble servant,
(Signed) J. F. M. Reid, *Register.*
*Fort William, 12th Aug.* 1836.

---

*Extract of a letter from the Secretary to the Government of Bengal in the Judicial Department, under date the 26th July,* 1836.

31. His Lordship proceeds to record the names of the officers of various grades who appear to deserve favourable notice. He has much pleasure in remarking the number, as noted in the margin,* of those whom he regards as entitled to commendation, and requests that the Court will communicate this expression of his approbation to all the officers concerned. Under the new scheme of promotion, those who shall continue to distinguish themselves as Sudder Ameens will be the first elevated, in order of merit, as correctly as that point can be ascertained, to the superior grade.

(True Extract,)
(Signed) J. F. M. Reid, *Register.*

* *Judges.*

Mr. Curtis, Mr. Macan, ...... .......... Burdwan.
Mr. Harington, ................. Hooghly.
Mr. J. Shaw,........ ............ Tipperah.
Mr. H. Nisbet, ..... ........... Purneah.
Mr. Barlow, ...... ............... Rajshahee.
Mr. Phillips, ...... ...... ........ Jessore.
Mr. Morris, ...... ...... ......... Patna.

*Principal Sudder Ameens.*

Mouluvee Mahomed Mah,...... Burdwan.
Syud Ahmud, .................... Hooghly.
Hurrenarain Ghose, ... ... ..., Mouluvee Golam Soobhan Khan, (now Kazee-ool Kozat,) Jessore.
Mouluvee Mahomed Idris, ...... Sylhet.
" " Ali, ..... ........ Tipperah.
" " Taij, .............. Beerbhoom.
" " Mujeed, ... ...... Bhagulpore.
" " Asuf, ...... ...... Dinagepore.
Mr. J. Meyer, ...... ...... ...... Moorshedabad.
Mouluvee Rukoonuddeen,...... Poorneah.
" Abdool Ali, ......... Rajshahee.
Parusnath Roy, (now employed at Burdwan,) ...... ........... Backergunge.
Mr. Ricketts, (the late)......... Behar.

*Sudder Ameens.*

Cazee Russool Buxh, ... ...... Burdwan.
Mr. Herklots, Radha Govindu, ............... Hooghly.
Byednath Sein, .................. Jessore.
Seetanath Bose, ...... ......... Nuddea.
Sumbhoonath, ...... ............ Mymunsing.
Mr. Jackson, ..................... Dinagepore.

*Moonsiff.*

Shama Chunder, of Madergunge, Mymunsing.

*Note.*—"In regard to this Moonsiff it is stated that the Court will take the earliest opportunity of recommending to Government his promotion to a Sudder Ameenship, and will direct Mr. Cheap to communicate to him the high opinion they entertained of him as a Judicial officer."

The individual who communicated this paper to us adds—

This solitary individual is the only person out of perhaps 300 Moonsiffs that was found worthy to be noticed in the annual Report of 1835. It is to be hoped that the Report for 1836 will exhibit a more favourable result.

১১১৩ সংখ্যক দর্পণে যে লেখক মুনসেফের গুণ ও কর্ম্মযোগ্যতাবিষয়ে অত্যন্ত বর্ণন করিয়াছেন তিনি এই রিপোর্টের প্রস্তাব বিবেচনা করুন। প্রাচীন রীত্যনুসারে যখন মুনসেফেরা কেবল মোকদ্দমার রসুম পাইতেন এবং তৎপরিবর্ত্তে যখন নিষ্পত্তি হওয়া মোকদ্দমার ষ্টাম্পের রসুম পাইতেন তখন তাঁহারা মাসে কেবল ২০।৩০ টাকা করিয়া উপার্জন করিতে পারিতেন। অতএব দৃষ্ট হইতেছে যে এইক্ষণে ১০০ টাকা বেতন পাইয়া যেমন কার্য্য করিতেছেন পূর্ব্বে অত্যল্প পাইয়াও এমনি কার্য্য করিতেন।

ইহাতে এই প্রমাণ হইতেছে যে পূর্ব্বাপেক্ষা অধিক বেতন পাইয়াও তাঁহারা কর্ম্মণ্য হন নাই অতএব এইক্ষণে কিপর্য্যন্ত অধিক মান্য হইয়াছেন তাহা তাঁহারাই জ্ঞাত আছেন।

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

আমরা শুনিতেছি শ্রীযুত পকিনস সাহেব শিশুরদিগের শিক্ষার্থ বাঙ্গালি পল্লিতে এক বিদ্যালয় স্থাপন করিয়াছেন ঐ বিদ্যালয়করণার্থ শ্রীযুত বাবু গৌরমোহন আঢ্যের গরাণহাটার বিদ্যালয়ের তেতালা গৃহ লইয়াছেন এবং স্থির হইয়াছে তিন বৎসরঅবধি ছয় বৎসরপর্য্যন্ত বয়স বিশিষ্ট বালক সকলকে শিক্ষা দিবেন আমরা সাহসপূর্ব্বক বলিতে পারি না ঐ সাহেব প্রথমত এবিষয়ে সন্তুষ্ট হইতে পারিবেন কিন্তু আমারদিগের নিতান্ত অভিলাষ ইউরোপীয় ধারানুসারে শিশুদিগের শিক্ষার্থ এতদ্দেশে বিদ্যালয় স্থাপিত হয় যেহেতু তাহা হইলে এতদ্দেশীয় লোকেরদের অধিক উপকার হইবে।—জ্ঞানান্বেষণ।

### সিন্ধীয়া।

পঞ্জাবের সিংহ রাজা সিন্ধীয়ার অধিকার আক্রমণের চেষ্টা করিতেছেন এই ভয়েতে সিন্ধীয়ার আমীরগণ কচদেশস্থ ব্রিটিস রেসিডেণ্ট সাহেবের নিকট এক জন সম্ভ্রান্ত ইঙ্গরেজকে প্রেরণ করিয়াছিলেন তাঁহারদিগের প্রার্থনা ব্রিটিস গবর্ণমেণ্ট এই সময়ে সাহায্য করেন ঐ আমীরগণের নিতান্ত ইচ্ছা রক্ষা শাসনাদি ব্যাপার ইঙ্গরেজী সাহায্যের চ্ছায়ার নীচে রাখেন ইহাতে ব্রিটিস রেসিডেণ্ট সাহেব যে উত্তর দিয়াছেন তাহা সিন্ধীয়ার পক্ষে ভাল বটে কিন্তু স্পষ্টরূপে স্বীকার করেন নাই যে অবশ্যই তাঁহারদিগের পক্ষ হইবেন কেবল এইমাত্র কহিয়াছেন যে পরমেশ্বর তোমারদিগের কিপর্য্যন্ত সাহায্য করিবেন তাহা ধৈর্য্যাবলম্বনপূর্ব্বক নিরীক্ষণ কর।—জ্ঞানান্বেষণ।

---

আগ্রার লেপ্তেনন্ত গবর্নর শ্রীযুত মেটকাফ সাহেবের সেক্রেটরী ঐ রাজধানীর অন্তঃপাতি মাজিস্ত্রেট সাহেবদ্দিগকে তাঁহারদিগের অধীন স্থানসকলের অবস্থাবিষয়ে যে সকল জিজ্ঞাসা করিয়াছিলেন এবং মাজিস্ত্রেট সাহেবেরা তাহাতে যে২ উত্তর দিয়াছেন আগ্রা আকবরে ঐ জিজ্ঞাসা উত্তর সমস্ত প্রকাশ হইয়াছে ঐ সকল উত্তরেতে দৃষ্ট হইল কেবল আগ্রা নগরস্থ লোকেরাই শারীরিক স্বচ্ছন্দ আছেন যেহেতুক নগরীয় পোলীস ও ধনি লোকেরা এ বিষয়ে বিশেষ মনোযোগ করিয়া থাকেন কিন্তু অন্তঃপাতি জিলাসকলেতে এরূপ নহে তথাকার পোলীসের ও ধনি লোকেরদের তাহাতে মনোযোগ নাই নগরশোভার্থ সেখানে কোন রূপ কর নির্দ্ধারিত করা হয় নাই কেবল জমীদারেরাই প্রজারদের বাড়ীপ্রতি কিঞ্চিৎ২ লইয়া রজনীযোগে ধন প্রাণ রক্ষার্থ প্রত্যেক পল্লিতে এক২ চৌকীদার নিযুক্ত রাখিয়া দেন।

এইক্ষণে মাজিস্ত্রেট সাহেবেরা এই বিবেচনা করিয়াছেন রাজধানীর চতুর্দ্দিগের দশ মাইল পর্য্যন্ত প্রত্যেক বাটীতে বৎসরে যত টাকা উৎ

Let the writer in the 1113th No. of the Durpun compare this with the flattering description of the respectability and high qualification he assigns to the Moonsiffs.

Under the old system when Moonsiffs received only the amount of the institution fees, and afterwards in lieu thereof the stamp fees of causes decided by them, they could only make from 15 to 30 rupees per month; and they did their business as well as now, that they receive a fixed salary of 100 Rupees every month.

The above is a proof, that the increased salary has not made them more efficient and in how far more respectable, their consciences must tell.

## Spirit of the Native Papers.

We understand that Mr. Perkins has set up an infant school in the native part of the town. He has taken a room in Baboo Gourmohun Addy's English school at Gurranhatta, and invited parents to send their children from three to six years old to receive instruction under him. We cannot hold out to Mr. Perkins much success in the outset of his undertaking. We would wish very much however to see an infant school, conducted upon European principles, fairly established among the natives; for it cannot be denied that such an institution would be productive of incalculable benefits to our countrymen.—*Gyan.*

*Scinde.*—The Ameers of Scinde have deputed a respectable European to the Resident at Cutch, intreating assistance from the British Government in the event of the "Lion of the Punjab" attempting to carry into effect his threat of invading their countries. Their petition states that justice and security can only be found under the shadow of the protection of the noble English!—The answer of the Resident was favourable, although no promise of direct interference was given. It directed them to have patience and see what the gods would give them.—*Ibid.*

The *Agra Ukhbar* has given publicity to some queries touching municipal affairs from the Secretary to the Lieutenant Governor of the North Western Provinces to the Magistrates in that Presidency, together with a reply thereto from the Magistrate of the Agra District, from which latter document we learn that no effort is made on the part of the public authorities or of the chief house-holders to promote the general preservation of the health and comfort of the inhabitants of any large town in that district, except in the city of Agra itself. No impost is also levied for this purpose except in some towns and villages where a house rate is privately collected by the Zemindars and Chowdrees to provide the means of supporting a Chowkeedaree establishment for the protection of life and property in places of any size.

